গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৩৩.০১.০০০০.১০১.০৬.সি-২(১).১৭-১৬৯০ তারিখ ঃ- ০৩/০৭/২০১৯ খ্রিঃ
১৯/০৩/১৪২৬ বঃ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০/০৫/২০১৯ তারিখের নং- ০৫.২০৪.০৮৮.০০.০০.০৩৫.২০১৪-৬৮ সংখ্যক স্মারকে এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৯/০৫/২০১৯ তারিখের নং- ৩৩.০০.০০০০.১০৮.৯৯.০৪৪.১৮.৬৬১ সংখ্যক স্মারকে প্রমিত বাংলা ব্যবহার সংক্রান্ত পত্রখানা পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য প্রেরণ করা হল।

(ডাঃ মোঃ হাসান ইমাম)
উপপরিচালক (চঃ দাঃ), প্রশাসন
পক্ষে- মহাপরিচালক
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

১. পরিচালক, প্রশাসন/ সম্প্রসারণ/ উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
৩. অধ্যক্ষ, ও.টি.আই, সাভার, ঢাকা।
৪. উপপরিচালক, প্রশাসন/ বাজেট, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫. উপপরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, সাভার, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, কেন্দ্রীয় মুরগী খামার মিরপুর, ঢাকা।
৭. উপপরিচালক, প্রাণিক্রয় ও উন্নয়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৮. উপপরিচালক, প্রাণিসম্পদ ঔষধাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৯. উপপরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
১০. উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ সিলেট/ রাজশাহী/ খুলনা বিভাগ যশোর/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ। আপনার অধিনস্ত সকল দপ্তর সমূহকে অবহিতকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল।
১১. উপপরিচালক, আঞ্চলিক হাঁস-মুরগী খামার, রাজাবাড়ীহাট, রাজশাহী/ পাহাড়তলী, চট্টগ্রাম।
১২. অধ্যক্ষ, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
১৩. চীফ ভেটেরিনারি অফিসার, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৪. প্রাণিসম্পদ অর্থনীতিবিদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৫. পিএসও, প্রাণিপুষ্টি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৬. উপাধ্যক্ষ, রংপুর বিনোদন উদ্যান ও চিড়িয়াখানা, রংপুর।
১৭. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল) . . . . . . . . . . . . . . . . . . . । আপনার অধিনস্ত সকল দপ্তর সমূহকে অবহিতকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল।
১৮. সহকারী পরিচালক, প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন/ খামার/ প্রশিক্ষণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৯. সহকারী পরিচালক (এ/পি), . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ।
২০. প্রকল্প পরিচালক (সকল) . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
২১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, (সকল) . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
২২. চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২৩. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ।
২৪. অফিস কপি ।

<u>সদয় অবগতির জন্য</u>

সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং ১২৭৮ তারিখ ২৮/৫/১৯

| | |
|---|---|
| যুগ্ম-সচিব | যুগ্ম প্রধান |
| উপ-সচিব (প্রশাসন)/১/২/৩/৪ | |
| উপ-প্রধান | |
| সিঃ সঃ সঃ/সহঃ সঃ | |
| | স্বাক্ষর |

ফয়েজ আহম্মদ
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নং-০৫.২০৪.০৮৮.০০.০০.০৩৫.২০১৪-৬৮ তারিখ : ২০/০৫/২০১৯ খ্রিষ্টাব্দ

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, স্বাধীন বাংলাদেশে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ০৩ নম্বর অনুচ্ছেদে বাংলা ভাষাকে প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা হিসাবে ঘোষণা করা হয়েছে। জাতীয় জীবনের সর্বক্ষেত্রে বাংলা ভাষার প্রচলন নিশ্চিত করার লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশ-অনুযায়ী ১৯৭৫ সালের ১২ মার্চ এ সংক্রান্ত সরকারি আদেশ জারি করা হয়। পরবর্তী সময়ে সরকারি কাজে সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিত করার উদ্দেশ্যে 'বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭' জারি করা হয়।

০২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের জন্য প্রণীত কার্যবিধিমালা, ১৯৯৬-এর কার্যবণ্টন-অনুযায়ী দাপ্তরিক কাজে বাংলা ভাষার ব্যবহারবিষয়ক কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত হয়। এ কার্যক্রমকে আরও ত্বরান্বিত করার লক্ষ্যে গত ১৪/০৫/২০১৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। এ সভায় সিদ্ধান্ত হয় যে সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের অধীন দপ্তর ও সংস্থার নামফলক, সাইনবোর্ড, বিলবোর্ড ব্যানার ইত্যাদি বাংলায় লেখা নিশ্চিত করবে।

০৩। পরিলক্ষিত হচ্ছে যে কোনও কোনও মন্ত্রণালয়ের বিভিন্ন সংযুক্ত দপ্তর, অধিদপ্তর ও স্বায়ত্তশাসিত সংস্থা, বেসরকারি প্রতিষ্ঠানের নামফলক ও সিটি কর্পোরেশনের বিভিন্ন প্রতিষ্ঠানের বিলবোর্ড এখনও ইংরেজি ভাষায় লেখা হচ্ছে। বিভিন্ন আইন/বিধি/প্রবিধান/পরিপত্র/নীতিমালায় বাংলার সঙ্গে ইংরেজি শব্দের সংমিশ্রণ করা হচ্ছে। যে সমস্ত আন্তর্জাতিক ও দেশীয় সংস্থার নামফলকে ইংরেজি ব্যবহারের প্রয়োজনীয়তা রয়েছে সেসব ক্ষেত্রে বাংলা ভাষাকে প্রাধান্য দিয়ে নামফলকে ইংরেজি ভাষা ব্যবহার করতে হবে।

০৪। আপনার মন্ত্রণালয়/বিভাগ অধীন দপ্তর/সংস্থার বিদ্যমান আইন/বিধি/প্রবিধান/নীতিমালায় প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজি শব্দের যথার্থ বাংলা শব্দ পাওয়া গেলে সেক্ষেত্রে প্রমিত বাংলায় রূপান্তরের কার্যকর পদক্ষেপ আপনি গ্রহণ করবেন বলে আশা করছি। আপনার দপ্তর ও প্রতিষ্ঠানসমূহের নামফলক, সাইনবোর্ড, বিলবোর্ড প্রমিত বাংলায় লেখা নিশ্চিতকরণসহ দাপ্তরিকপত্র, কার্যবিবরণী ও অন্যান্য ক্ষেত্রে প্রমিত বাংলা ব্যবহারের জন্য আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি। এছাড়াও আপনার অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে নির্ভুল বাংলার উপর গুরুত্বারোপ করে প্রশিক্ষণ পাঠ্যক্রম প্রণয়নে আপনার আন্তরিক প্রচেষ্টা একান্তভাবে কাম্য। আপনার এ ধরনের উদ্যোগ দাপ্তরিক কাজে প্রমিত বাংলা ব্যবহারে ইতিবাচক ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে আশাবাদী।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার

২০-৫-২০১৯
(ফয়েজ আহম্মদ)

জনাব মো: রইছউল আলম মন্ডল
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সচিবের দপ্তর
ডাইরী নং : তারিখ: ২৬/৫/১৯

| | |
|---|---|
| অতিঃ সচিব (প্রশা / প্রাণি: ২ / নিরীক্ষা) | অবিলম্বে ব্যবস্থা নিন |
| যুগ্মসচিব (প্রাণি-১ / ৩ / ৪) | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| যুগ্মসচিব (ব্ল-ইঃ / মৎস্য......) / বাজেট | উপস্থাপন করুন |
| যুগ্মপ্রধান / উপসচিব (........)/ উপপ্রধান | আলোচনা করুন |
| সচিবের একান্ত সচিব | মন্তব্য/ মতামত দিন |
| | স্বাক্ষর |